

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সচিবের দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moysports.gov.bd

স্মারক নং- ৩৪.০০.০০০০.০২০.২৫.০০১.১৭. ৫৪

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
২২ মে ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মহোদয় কর্তৃক শেরপুর জেলায় চলমান ন্যাশনাল সার্ভিস কর্মসূচির
(এনএসপি) কার্যক্রম সরেজমিন পরিদর্শন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৪/০৫/২০১৭ এবং ০৫/০৫/২০১৭ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম শেরপুর জেলায় চলমান ন্যাশনাল সার্ভিস কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন এবং বিভিন্ন দপ্তরে অস্থায়ী কর্মসংযুক্তিপ্রাপ্তদের সাথে মতবিনিময় করেন। মতবিনিময়কালে তারা ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মেয়াদ বৃদ্ধি তথা তাদের অস্থায়ী নিয়োগকাল বৃদ্ধির জন্য অনুরোধ করেন। শেরপুর উপজেলায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মেয়াদকাল বৃদ্ধির কোন সুযোগ নেই মর্মে তাদের জানানো হয় এবং তাদের প্রশিক্ষণলব্ধ জ্ঞান, কর্মসংযুক্তির অভিজ্ঞতা ও সঞ্চিত অর্থ দ্বারা আত্মকর্মসংস্থানের উদ্যোগ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়।

০২। পরিদর্শনকালে একটি বিষয় প্রতীয়মান হয়েছে যে, প্রশিক্ষণের সময় কর্মীদের তাদের কর্মসূচির মেয়াদ, তাদের নিয়োগের শর্ত ইত্যাদি সম্পর্কে যথাযথভাবে অবহিত করা হয়নি। এর ফলে যে সকল কর্মী প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক হিসেবে কাজ করেছেন তারা অনেকটা আশাবাদী হয়ে উঠেছেন যে, ভবিষ্যতে উক্ত বিদ্যালয়ে তারা স্থায়ীভাবে নিয়োগলাভ করবেন। অনেক ক্ষেত্রে সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক তাদের মৌখিকভাবে এ ধরনের প্রতিশ্রুতিও প্রদান করা হয়েছে কিন্তু বাস্তবতা হলো অনেকের সরকারি চাকুরির বয়স ইতোমধ্যে উত্তীর্ণ হয়ে গেছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ পাওয়ার সুযোগ/সম্ভাবনা থাকলেও সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ পাওয়ার কোন সুযোগ নেই। সরকারি স্কুল/অফিস/প্রতিষ্ঠানে অস্থায়ীভাবে নিয়োজিত কর্মীগণ অফিস ব্যবস্থাপনা/দাপ্তরিক কাজে দক্ষতা অর্জন করলেও তা ভবিষ্যতে অফিস বেইজড বা এ জাতীয় কাজে নিয়োজিত হওয়ার সুযোগ কতটা পাওয়া যাবে সে বিষয়ে নিশ্চিত করে কিছু বলা যায় না। এ ক্ষেত্রে কৃষি, শিল্প ভিত্তিক দক্ষতা যেমন- উন্নত কৃষি কাজ, মাছ চাষ, গবাদি পশু পালনে দক্ষতা অর্জন করলে তা আত্মকর্মসংস্থানে সহায়তা করবে। এছাড়া বেসরকারি শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠান/সার্ভিস সেক্টরে তাদের কর্মসংযুক্তি প্রদান করা হলে তাদের দক্ষতা অর্জন আরও সহজ হবে বলে প্রতীয়মান হয়, যা ভবিষ্যতে তাদেরকে কর্মসংস্থানের সুযোগ করে দিবে।


০৩। পরিদর্শনকালে আরও প্রতীয়মান হয় যে, ন্যাশনাল সার্ভিস কর্মসূচিতে নিয়োজিত কর্মীদের একটি পূর্ণাঙ্গ তথ্য ভান্ডার থাকা প্রয়োজন। যাতে তাদের যোগাযোগের ঠিকানাসহ যাবতীয় তথ্যাদি থাকতে পারে। কর্মসূচি শেষে এই কর্মীদের কর্মসংস্থান ব্যাংক হতে ঋণ পাওয়া কিংবা ক্ষুদ্র শিল্প, ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন, বিদেশে কর্মসংস্থান ইত্যাদি কাজে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরামর্শ প্রদানসহ যাবতীয় সহায়তা প্রদান করা প্রয়োজন, যাতে তারা যুব উন্নয়ন অধিদপ্তরকে রেফারেন্স হিসেবে উল্লেখ করতে পারে। কোন কোন ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর ব্যাংক হতে ঋণ পাওয়ার ক্ষেত্রে গ্যারান্টর হতে পারে কিনা সে বিষয়টিও পরীক্ষা করে দেখা যেতে পারে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৪। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে সচিব মহোদয় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেনঃ

- ন্যাশনাল সার্ভিস কর্মসূচিতে অংশগ্রহণকারীদের একটি পূর্ণাঙ্গ তথ্য ভান্ডার (Database) তৈরী করতে হবে যাতে তাদের প্রশিক্ষণকালীন এবং প্রশিক্ষণোত্তর সবধরনের তথ্য থাকবে;
- প্রশিক্ষণকালীন সময়ে ন্যাশনাল সার্ভিস সম্পর্কে তথা তাদের নিয়োগের মেয়াদ, শর্তাদি, প্রশিক্ষণ ভাতা, ভবিষ্যতে সঞ্চয় ইত্যাদি সম্পর্কে যথাযথভাবে অবহিত করতে হবে;
- সরকারি স্কুল/কলেজ/অফিস/প্রতিষ্ঠানে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির কর্মীদের কর্মসংযুক্তি প্রদানকালে একটি বিষয় অবশ্যই লক্ষ্য রাখতে হবে যাতে, এমন ধারণা না জন্মায় এ নিয়োগ তাদের স্থায়ী পদে নিয়োগ হিসেবে পরিগণিত হবে;
- নীতিমালা সংশোধন করে সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি শিল্প, বাণিজ্য ও ব্যবসায়ী প্রতিষ্ঠানে তাদের নিয়োগ দেওয়া যায় কিনা পরীক্ষা করে দেখতে হবে;
- যুব উন্নয়ন অধিদপ্তরের নির্বাচিত কর্মকর্তার সমন্বয়ে ন্যাশনাল সার্ভিস কর্মীদের কর্মসংযুক্তি শেষে তাদের আত্মকর্মসংস্থান অথবা অন্যত্র কোন চাকুরি পাওয়ার ক্ষেত্রে পরামর্শ প্রদানের জন্য একটি পরামর্শ পুল তৈরী করা যেতে পারে;
- প্রশিক্ষণকালীন সময়ে যে সমস্ত Lessons Learning হয়েছে এবং যে চ্যালেঞ্জ বা প্রতিবন্ধকতা মোকাবেলা করা হয়েছে তা যথাযথভাবে Documentation করতে হবে, যাতে এ কর্মসূচির বাস্তবায়ন পর্যায়ে একটি পূর্ণাঙ্গ চিত্র পাওয়া যায়।

০৫। বিষয়টি তাঁর সদয় অবগতি ও কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।


২২/০৫/১৭
(মোহাম্মদ আবদুল আওয়াল)
সচিবের একান্ত সচিব
টেলিফোনঃ ০২-৯৫৭৫৫৪১

E-mail: pstosec@moysports.gov.bd

মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল, ঢাকা।


দৃষ্টি আকর্ষণঃ প্রকল্প পরিচালক, ন্যাশনাল সার্ভিস কর্মসূচি।

স্মারক নং- ৩৪.০০.০০০০.০২০.২৫.০০১.১৭.৫৪

তারিখঃ ২২ মে ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।


২২/০৫/১৭
(মোহাম্মদ আবদুল আওয়াল)
সচিবের একান্ত সচিব